

মানবজমিন

এশিয়ার সেরা রোবটের স্বীকৃতি পেলা ‘চন্দ্রবোট-২’

শুক্রবার, ২৭ জুলাই ২০১২



অর্থনৈতিক রিপোর্টার: ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের তৈরি ‘চন্দ্রবোট-২’ এশিয়ার সেরা রোবটের স্বীকৃতি পেয়েছে। সম্প্রতি যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত নাসার তৃতীয় ‘অ্যানুয়াল লুনাবোটিকস মাইনিং কম্পিটিশন (এলএমসি)’ এ স্বীকৃতি মিলে। মোবাইলফোন অপারেটর রবি আজিয়াটা লিমিটেড চন্দ্রবোটের স্পন্সর করেছিল। যেটি যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় কেনেডি স্পেস সেন্টারে অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। চলতি বছরের ২১ থেকে ২৬শে মে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ইনডোর গেমস হলে গতকাল বৃহস্পতিবার দুপুরে ‘চন্দ্রবোট-২’ দলকে সংবর্ধনা ও সম্মাননা প্রদান করা হয়। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আইনুন নিশাত, রবির ভাইস প্রেসিডেন্ট (কমিউনিকেশন অ্যান্ড মিডিয়া রিলেশন্স) মহিউদ্দিন বাবর, মহাব্যবস্থাপক (ব্র্যান্ড অ্যান্ড মার্কেট কমিউনিকেশন্স) গাজী ইমরান আল আমিন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীরা এ সময় উপস্থিত ছিলেন। মহিউদ্দিন বাবর বলেন, রবি সবসময়ই তরুণদের উদ্ভাবনে উৎসাহ যুগিয়ে থাকে। বাংলাদেশের তিনটি দলসহ হার্ভার্ড ইউনিভার্সিটি, ভার্জিনিয়া টেক, ইউনিভার্সিটি অব ইলিনয়িস, এন্ড্রি রিডল অ্যারোনটিক্যাল ইউনিভার্সিটি এবং ম্যাকগিল ইউনিভার্সিটিসহ বিশ্বের সেরা ৫৫টি দল এই প্রতিযোগিতায় অংশ নেয়।